"জীবনের জন্য বিজ্ঞান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ

সংস্থাপন-৩

ড. কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫।

www.bcsir.gov.bd

নং-৩৯.০২.০০০০.০০৯.১১.০৫৩.২৩/৬৯৭ তারিখ : ১৭/০৩/২০২৫ খ্রি :

# আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ-এর পক্ষে উচ্চ আদালত (মাননীয় সুপ্রিমকোর্টের হাইকোর্ট ও আপিল বিভাগ), নিম্ন আদালতে (দেওয়ানী ও ফৌজদারী), প্রশাসনিক ট্রাইব্যুনাল এবং নির্বাহী ম্যাজিস্ট্রেট-এর আদালতসহ অন্যান্য আদালতে মামলা দায়ের, মামলা প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনা, তদারকি ও বিভিন্ন বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীদের নিকট হতে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | বয়স |
|---|---|---|---|
| আইন উপদেষ্টা/প্যানেল আইনজীবী (উচ্চ আদালত) | সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম এলএলবি ডিগ্রী। শিক্ষা জীবনে পরীক্ষায় কোনটিতে ৩য় বিভাগ বা শ্রেণী বা সমতুল্য সিজিপিএ থাকা চলবে না। | মাননীয় সুপ্রিমকোর্টের হাইকোর্ট ডিভিশন/ অ্যাপিলেট ডিভিশনে মামলা পরিচালনার কাজে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতাসহ আইন পেশায় কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। | অনূর্ধ্ব ৬০ বৎসর |
| প্যানেল আইনজীবী (নিম্ন আদালত) | সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম এলএলবি ডিগ্রী। শিক্ষা জীবনে পরীক্ষায় কোনটিতে ৩য় বিভাগ বা শ্রেণী বা সমতুল্য সিজিপিএ থাকা চলবে না। | জেলা ও দায়রা জজ-এর আওতাধীন আদালতসমূহ, জেলা ম্যাজিস্ট্রেট-এর আওতাধীন আদালতসমূহ, ভূমি সংক্রান্ত মামলা, ফৌজদারি মামলা, প্রশাসনিক ট্রাইব্যুনালের মামলাসহ অন্যান্য মামলা পরিচালনায় ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবী হতে হবে। | অনূর্ধ্ব ৬০ বৎসর |

নতুন ধারার দৈনিক
আমাদের সময়

**শর্তাবলীঃ**

ক। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

খ। নিয়োগপ্রাপ্ত আইনজীবীগণকে ২ (দুই) বৎসরের জন্য নিয়োগ দেয়া হবে। তবে পরিষদ কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত সময় বৃদ্ধি করতে পারবেন।

গ। বিসিএসআইআর-এর স্বার্থ আছে এমন কোন মামলায় অত্র প্রতিষ্ঠানের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

ঘ। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীগণ পরিষদ তথা সরকারের স্বার্থ রক্ষার্থে তাদের উপর ন্যস্ত দায়িত্ব যথাযথভাবে পালনে ব্যর্থ হলে পরিষদ ১ মাসের নোটিশ প্রদান করে তাদেরকে দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করতে পারবেন।

ঙ। নিয়োগ প্রাপ্ত আইনজীবীগণ-কে মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ১ম সপ্তাহে পরিষদ-এর সচিব বরাবর লিখিতভাবে দাখিল করতে হবে।

চ। আবেদনকারী আইনজীবীগণ কোন কারণে তাদের দায়িত্ব পালনে অপারগ হলে কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বে পরিষদ-এর চেয়ারম্যান-কে লিখিতভাবে অবহিত করতে হবে।

ছ। নিয়োগপ্রাপ্ত আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীদের মামলা পরিচালনার জন্য বিল সরকার নির্ধারিত সকল প্রকার ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক পরিষদের প্রচলিত ও নির্ধারিত ফি মোতাবেক প্রদান করা হবে।

জ। অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী চূড়ান্তভাবে নির্বাচিত আইন উপদেষ্টা/প্যানেল আইনজীবীদের নিয়োগপত্রে উল্লেখ করা হবে।

**আবেদনকারী-কে সাদা কাগজে নিম্ন বর্ণিত তথ্য ও চাহিদা প্রতিপালনপূর্বক আবেদন করতে হবে:**
**(ক্রমিক নং ঝ হতে ঢ)**

ঝ। (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ও বর্তমান/চেম্বারের ঠিকানা (ফোন নাম্বার ও ই- মেইল আইডিসহ), (ঙ) জন্ম তারিখ, (চ) শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ, (ছ) মাননীয় আপিল বিভাগ/হাইকোর্ট বিভাগ ও জেলা জজকোর্টে আইনজীবী হিসেবে তালিকাভুক্তির সনদ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্যভুক্তির তথ্য, (জ) অভিজ্ঞতা এবং (ঝ) অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা/প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে সে প্রতিষ্ঠানের নাম।

ঞ। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি (রঙিন) ছবি, আবেদন পত্রে উল্লিখিত তথ্যের সপক্ষে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের কপি, ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্বের সত্যায়িত কপি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

ট। আবেদনকারী-কে সচিব, বিসিএসআইআর-এর অনুকূলে আইন উপদেষ্টা/প্যানেল আইনজীবী (উচ্চ আদালত) পদের জন্য ৫০০ (পাঁচশত) টাকা এবং প্যানেল আইনজীবী (নিম্ন আদালত) পদের জন্য ৩০০ (তিনশত) টাকা মূল্যের পে- অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

ঠ। যে আদালতের জন্য আবেদন করবেন সে আদালতের নাম খামের উপর ও আবেদন পত্রে উল্লেখ করতে হবে।

ড। আগ্রহী আইনজীবীগণ-কে আগামী ৩০/০৪/২০২৫ ইং তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ড. কুদরাত-ই-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫ বরাবর ঠিকানায় আবেদন ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।

ঢ। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিষয়ে বিসিএসআইআর কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

মোহাম্মদ সহিদুল হক পাটোয়ারী
সচিব
বিসিএসআইআর।

জি-৪৭৪/০৩/২৫ (১২×৪)